দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
নং শাঃ ১৩/১-২২(ফুলব্রাইট)/৯৮/২২৯ তারিখঃ ২০/৮/২০০১

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০০২ শিক্ষাবর্ষে যুক্তরাষ্ট্র সরকার প্রদত্ত ফুলব্রাইট বৃত্তির জন্য আবেদন।**

যুক্তরাষ্ট্র সরকারের দু'বছর মেয়াদী ফুলব্রাইট বৃত্তির অধীনে ২০০২ শিক্ষাবর্ষে নিম্নোক্ত বিষয়সমূহে যুক্তরাষ্ট্রে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের জুনিয়র অনুষদ সদস্য ও রিসার্চ অর্গানাইজেশন-এর মধ্য পর্যায়ের কর্মকর্তাদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

বিষয়সমূহ
ক) আমেরিকান ইতিহাস/আমেরিকান ষ্টাডিজ।
খ) আমেরিকান সাহিত্য।
গ) অর্থনীতি।
ঘ) রাষ্ট্রবিজ্ঞান/ আন্তর্জাতিক সম্পর্ক।
ঙ) সমাজ বিজ্ঞান।
চ) লোক প্রশাসন।
ছ) ফিন্যান্স/ব্যবস্থাপনা।

২। দরখাস্ত করার যোগ্যতাসমূহঃ
১) বিএ (অনার্স) এবং এম এ উভয় পরীক্ষায় কমপক্ষে ৬০% নম্বর থাকতে হবে। (জি,পি,এ গ্রেডিং-এর আওতায় যারা অধ্যয়ন করেছেন তাদের জন্য এই শর্ত প্রযোজ্য হবে না। সেক্ষেত্রে তাদের গড়ে 'এ' পেতে হবে)।
২) ইতোপূর্বে যারা যুক্তরাষ্ট্রে অধ্যয়ন শেষ করেছেন এমন প্রার্থী আবেদনের যোগ্য নন।
৩) প্রার্থীকে স্বচ্ছন্দভাবে ইংরেজিতে কথা বলায় সক্ষম হতে হবে।
৪) ভালো স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
৫) বাংলাদেশী নাগরিক হতে হবে।
৬) অধ্যয়ন শেষে বাংলাদেশে ফেরার অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
৭) কোর্স সমাপ্তির পূর্বে দেশে চলে আসলে টিকেটের দাম ফেরত দিতে হবে।

৩। প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদেরকে ২০০১-এর নভেম্বর-এর মধ্যে TOEFL দিতে হবে।

৫। সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত দু'কপি ছবি, সকল পরীক্ষা পাসের দু'কপি করে সত্যায়িত নম্বর পত্র ও সার্টিফিকেট ইত্যাদিসহ নিম্নোক্ত তথ্যসহ ইংরেজীতে আবেদন করতে হবে। আবেদনপত্র দুই সেট হবে এবং প্রতি সেটে ১টি করে ছবি, জীবন বৃত্তান্ত ইত্যাদি দিতে হবে। জীবন বৃত্তান্তে নিম্নোক্ত তথ্যসমূহ থাকতে হবেঃ

যুক্তরাষ্ট্র সরকার প্রদত্ত স্নাতকোত্তর পর্যায়ের বৃত্তির জন্য আবেদন
প্রার্থীর বিষয় ঃ
ক) প্রার্থীর নাম
খ) পিতার নাম ঃ
গ) মাতার নাম ঃ
ঘ) বর্তমান ঠিকানা ঃ
ঙ) স্থায়ী ঠিকানা ঃ
চ) জন্ম তারিখ ও বর্তমান বয়স ঃ
ছ) পেশা ঃ
জ) টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ
ঞ) পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি (মাধ্যমিক/এসএসসি থেকে সকল পরীক্ষার) ঃ

| পরীক্ষার নাম ও কোর্সের মেয়াদ | বোর্ড/বিঃবিঃও পাসের সন | পঠিত মূল বিষয়সমূহ | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | পরীক্ষার মোট নম্বর (যত নম্বরের পরীক্ষা দিতে হয়েছে) | প্রার্থী কর্তৃক প্রাপ্ত মোট নম্বর |
|---|---|---|---|---|---|

৬। খামের উপর বৃত্তির নাম (ফুলব্রাইট বৃত্তি) ও প্রার্থিত বিষয় উল্লেখ করতে হবে।

৭। আবেদনপত্র আগামী ১৩/৯/২০০১ তারিখের মধ্যে ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে।

৮। কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না এবং অন্য কোন বৃত্তির জন্য ইতোপূর্বে মনোনীত হয়ে থাকলে আবেদন করতে পারবেন না।

৯। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

১০। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। আবেদনপত্রসমূহ বাছাই করার পর চূড়ান্ত মনোনয়নের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ইউসিস কর্তৃক আয়োজিত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ডিএফপি-২১৩৮৩-২১/৮
স-২৮৩৪(৯×৩)

(সৈয়দা সালমা জাফরীন)
সহকারী সচিব
ভবন নং-৬ রুম নং ১০০১